গাংনী পৌরসভা নির্বাচন: ত্রিমুখী লড়াই

এম এফ রুপক
কে হবে গাংনী পৌরবাসীর অভিভাবক, কে ধরবে গাংনী পৌরসভার হাল, কে হবে গাংনীর নতুন মেয়র। নৌকার মাঝি সাবেক মেয়র আহম্মেদ আলী ক্ষমতা পুনরুদ্ধার করতে পারবে, নাকি পুনরায় সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম দ্বিতীয় মেয়াদের মেয়র হবে, নাকি বিএনপি মনোনীত আসাদুজ্জামান বাবলু হবেন নতুন মেয়র। এমন প্রশ্ন ঘুরপাক খাচ্ছে গাংনী পৌরবাসীর মধ্যে। সবকিছু ঠিক থাকলে এমন নানা জল্পনা কল্পনার অবসান হবে আগামী ১৬ জানুয়ারী। দিন যত ঘনিয়ে আসছে প্রার্থীদের প্রচার প্রচারণাও বেশ তুঙ্গে উঠেছে। ঢাক-ডোল পিটিয়ে প্রতিদিনই জানান দিচ্ছেন তাদের প্রার্থীতা। যাচ্ছেন ভোটারদের কাছে, চাচ্ছেন ভোট।

দ্বিতীয় ধাপে পৌর নির্বাচনের মধ্যে আগামী ১৬ জানুয়ারী অনুষ্ঠিত হতে যাচ্ছে গাংনী পৌরসভা নির্বাচন। ইতোমধ্যে মনোনয়ন যাচাই বাছাই শেষ হয়েছে।

আগামী ২৯ ডিসেম্বর মনোনয়ন প্রত্যাহরের শেষ দিন ও ৩০ ডিসেম্বর প্রতিক বরাদ্দ দেওয়া হবে। পৌর নির্বাচনে এখনো পর্যন্ত ৫ জন মেয়র প্রার্থী। আওয়ামী লীগ থেকে আহাম্মেদ আলী, বিএনপি থেকে আসাদুজ্জামান বাবলু, ইসলামী আন্দোলন বাংলাদেশ থেকে আবু হুরাইরা, সতন্ত্র আশরাফুল ইসলাম ও তার ছোট ভাই আনারুল ইসলাম। তবে সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলামের নির্বাচনে অংশ গ্রহণ নিয়ে জটিলতার অবসান হওয়ায় তার ছোট ভাই আনারুল ইসলাম মনোনয়ন প্রত্যহার করবে বলে ধারণা করা হচ্ছে। এমতাবস্থায় গাংনী পৌর নির্বাচনে ৪ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে বলে ধারণা করা হচ্ছে। এছাড়াও ৯ টি ওয়ার্ডে ১০ সংরক্ষিত মহিলাসহ ৫০ জন প্রার্থী কাউন্সিলর পদে নির্বাচন করছেন।

তবে গাংনী পৌর এলাকার বিভিন্ন স্থানে গিয়ে ভোটারদের মতামত অনুযায়ী জানা গেছে, সাবেক মেয়র নৌকার মনোনীত প্রার্থী আহম্মেদ আলী ও সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম এর মধ্যে নির্বাচনী প্রতিদ্বন্দ্বিতা হবে হাড্ডাহাড্ডি।

একদিকে যেমন ক্ষমতা পুররুদ্ধারে মরিয়া হয়ে উঠেছে নৌকার প্রার্থী আহম্মেদ আলী অপর দিকে ক্ষমতা ধরে রাখতে সর্বোচ্চ চেষ্টায় সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম।

অন্যদিকে বিএনপি প্রার্থী আসাদুজ্জামান বাবলু’র নির্বাচনী প্রচার প্রচারণা বেশ চোখে পড়ার মতো। সভা-সমাবেশ, উঠান বৈঠক ও দলীয় নেতাকর্মীদের সাথে যোগাযোগ রাখছে নিয়মিত। নতুন মেয়র হওয়াতে বাবলুকেও সম্ভাবনাময় প্রার্থী হিসেবে দেখছেন গাংনী পৌরবাসী।

২০১৫ সালে গাংনী পৌরসভা নির্বাচনে আওয়ামী লীগ প্রার্থী আহম্মেদ আলী পরাজিত হয় সতন্ত্র প্রার্থী আশরাফুল ইসলাম এর কাছে। ২০১৫ যাতে পুনরাবৃত্তি না হয় সেজন্য আওয়ামী লীগের অভ্যন্তরীণ কোন্দল মিটিয়ে সকলকে একসাথে নিয়ে নৌকার বিজয় ছিনিয়ে আনবে। এমনটায় আশা করছেন আহম্মেদ আলী।

তবে অনেক ক্ষেত্রে বির্তকিত বক্তব্য দিয়ে বেশ সমালোচিত হয়েছেন এই আওয়ামী লীগ প্রার্থী। দল গোছাতে কিছুটা হিমশিম খেতে হচ্ছে তাকে। এ বিষয়ে তিনি বলেন, আমাদের মাননীয় প্রধানমন্ত্রী আওয়ামী লীগের সভাপতি শেখ হাসিনা আমাকে নৌকা দিয়েছেন। নৌকাকে বিজয় করা আমাদের সকলের দায়িত্ব।

গতবারের যাবতীয় কোন্দল মিটিয়ে আমরা এক পথে হাটছি। এবারের বিজয় আমাদের হবেই। নির্বাচনী প্রতিশ্রুতি হিসেবে বলেন, আমি মেয়র থাকা অবস্থায় গাংনী পৌরসভাকে “বি” গ্রেডে রুপান্তর করেছি। আগামী নির্বাচনে ক্ষমতায় এলে “এ” গ্রেডের পৌরসভা উপহার দেবো গাংনী পৌরবাসীকে।

গত ৫ বছর ধরে মেয়র থাকা আশরাফুল ইসলাম এবারও চেয়েছিলেন নৌকার মনোনয়ন। কিন্তু তিনি মনোনয়ন পাননি। তাই সতন্ত্র প্রার্থী হিসেবে এবারও নির্বাচন করছেন। জনপ্রিয়তার দিক থেকে তিনিও আছেন বেশ শক্ত অবস্থানে। যদিও বেশ কিছু বির্তকিত কর্মকাণ্ড নিয়ে বিভিন্ন সময় সংবাদের শিরোনামও হয়েছেন তিনি।

একটি মামলায় আশরাফুল ইসলামের ১০ বছরের সাজাও হয়েছিল, সেটি নিয়ে প্রার্থীতা থাকবে কিনা এটা নিয়ে কিছুটা অনিশ্চিত ছিলেন তিনি। তবে সব কিছু কাটিয়ে পুনরায় নির্বাচনে মেয়র প্রার্থী হয়েছেন। জয়ের ব্যাপারে শতভাগ আশাবাদ ব্যক্ত করে তিনি বলেন, বিগত পাঁচ বছর ধরে জনগণের মনে বিশ^স্ততার জায়গা করে নিয়েছি। আমি আশা করি আসন্ন নির্বাচনে পুনরায় জনগণ আমাকে ভোট দিয়ে মেয়র নির্বাচিত করবে।

সুষ্টু ভোট হবে কিনা এমন শঙ্কা প্রকাশ করে বিএনপি মনোনীত প্রার্থী আসাদুজ্জামান বাবলু বলেন, ভোটের আগেই বিভিন্ন মামলা হামলা দিয়ে আমাদের কোনঠাসা করে রাখা হয়। ভোটের দিন আমাদের ভোটারদের ভোট কেন্দ্রে প্রবেশে বাঁধা দেওয়া হয়। আমরা বিগত নির্বাচনে এগুলো দেখেছি। যদি প্রশাসন এগুলো নিয়ন্ত্রণ করতে পারে, আর যদি সুষ্টু ভোট হয় তবে গাংনী পৌর নির্বাচনে ধানের শীষের জয় হবে।

শতভাগ সুষ্টু ও উৎসব মুখর পরিবেশে ভোট হবে বলে রিটার্নিং অফিসার আহম্মেদ আলী জানান, এবার ইভিএম’এ ভোট গ্রহণ করা হবে। আমাদের সকল প্রস্তুতি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

মেপ্র/আরপি

দেদারছে পুকুর খনন করে মাটি বিক্রি

একের পর এক আবাদি জমিতে ইটভাটা ও পুকুর খনন করায় মেহেরপুরের গাংনী এলাকায় ক্রমশ কমে যাচ্ছে আবাদি জমি। জমির শ্রেণি পরিবর্তনে সরকারি কোন দৃশ্যমান পদক্ষেপ না থাকায় জমির মালিকগণ যত্রতত্র পুকুর খনন ও ইটভাটা তৈরি করছেন। পকুর খননের নামে দুই ও তিন ফসলি জমি কেটে মাটি বিক্রির হিড়িক পড়েছে। পুকুর খননের নিয়ম না মানলেও প্রশাসনিক পদক্ষেপ না থাকায় যত্রতত্র পুকুর খনন করা হচ্ছে। অপরদিকে আবাদি জমি কমে যাওয়ায় আগামীতে খাদ্যশস্য সংকট দেখা দিতে পারে বলে আশংকা করছে কৃষি বিভাগ।

গাংনী উপজেলা কৃষি অফিসের হিসেব মতে এ উপজেলায় বছর পাঁচেক আগে আবাদি জমি ছিল ২৮ হাজার ৫৬৬ হেক্টর। বর্তমানে এ জমি কমে দাঁড়িয়েছে ২৩ হাজার ১১৪ হেক্টর। বিশেষ করে আমন ও সবজি আবাদের জমি ক্রমশ কমেছে। ইটভাটা নির্মাণ ও পুকুর খনন ছাড়াও যত্রতত্র বসতবাড়ি নির্মাণ করায় জমি কমছে বলে মতামত দিয়েছেন কৃষি বিভাগ।

সরেজমিনে গাংনীর বিভিন্ন এলাকা ঘুরে ও এলাকাবাসির সাথে আলাপ করে

আবাদি জমির সংখ্যা হ্রাস পাচ্ছে তাতে একসময় খাদ্য ঘাটতি দেখা দিতে পারে চরমে। এখনই এর প্রতিকার হওয়া দরকার।

গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নুর-ই আলম সিদ্দিকী জানান, যে কোন লোক তার ইচ্ছা করলে জমির শ্রেণি পরিবর্তন করতে পারবেন না। এ ক্ষেত্রে জেলাপ্রশাসক বরাবর আবেদন করে অনুমতি নিতে হবে। অন্যথায় জেল জরিমানা হতে পারে। ইতোমধ্যে কয়েকজনের অভিযোগের প্রেক্ষিতে অভিযান চালানো হয়েছে এবং জরিমানা করা হয়েছে। আগামীতেও ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম জানান, শুধু মেহেরপুরে নয়, সারা দেশেই ২% হারে আবাদি জমি কমে যাচ্ছে। আবাসনসহ নানাভাবেই জমি কমছে। পুকুর খননে তেমন সমস্যা নেই তবে পুকুরের মাটি ইটভাটায় বিক্রি নিয়ে নানা সমস্যা। এ ব্যাপারে প্রশাসন কাজ করছে এবং আগামীতেও কাজ করবে।

মেহেরপুরে এক জন করোনা আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও এক জন করোনা আক্রান্ত হয়েছেন।

রবিবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ১৫ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে এক জনের। আর নেগেটিভ আসে ১৪ জনের।

সূত্রে আরো জানা যায়, সর্বমোট নমুনা পাঠানো হয়েছে ৫৩৩৯ টি, সর্বমোট ফলাফল এসেছে ৫২২৭ টি, সর্বমোট পজিটিভ ৭৪৬ জন, সুস্থ ৬৬১ জন, মৃত্যু ১৬ জন ও ট্রান্সফার্ড ৬০ জন।

বর্তমানে পজিটিভ সংখ্যা ১২ টি (সদরে- ০৬, গাংনীতে- ০১ ও মুজিবনগরে- ০৫)।

মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়ায় বারাদিতে আনন্দ মিছিল

মুজিবনগর বিশ্ববিদ্যালয় অনুমোদন দেওয়ায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপিকে ধন্যবাদ জ্ঞাপন করে বারাদি ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগ আনন্দ মিছিল করেছে।

গতকাল রবিবার বিকালে এ উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার বারাদি বাজারে একটি আনন্দ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। বারাদি আওয়ামী লীগ অফিস কার্যালয় থেকে ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামীম ফেরদৌস এর নেতৃত্বে একটি মিছিল বের করা হয়। মিছিলটি বাজারের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে সেখানে একটি সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন বারাদি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান মোমিনুল ইসলাম মোমিন, ইউনিয়ন আওয়ামী লীগের সাবেক সভাপতি নাজিম উদ্দিন, মেহেরপুর জেলা কৃষক লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক সাজ্জাদুর রহমান সাজ্জাদ, ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শফিকুল ইসলাম শফি, সাধারণ সম্পাদক কুতুবউদ্দিন মুলুক, ওয়ার্ড সভাপতি মুক্তি, ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি আল মামুন, ধর্ম বিষয়ক সম্পাদক ও ইউপি সদস্য আরমান আলী, সমাবেশে বক্তারা বলেন, ছোট জেলা হিসেবে মেহেরপুর এতদিন ছিল অবহেলিত। স্বাধীনতার স্মৃতিবিজোড়িত এই জেলাটিতে একটি বিশ্ববিদ্যালয়ের দাবি ছিলো দীর্ঘদিনের। তবে সে অপেক্ষার পালা শেষ হয়েছে।

প্রধানমন্ত্রীর নির্দেশে মেহেরপুরে “মুজিবনগর বিশ্ববিদ্যালয়” অনুমোদন দেওয়ায় উচ্ছসিত জেলার মানুষ। শিক্ষাবিদ, শিক্ষার্থী ও শিক্ষার্থীদের অভিভাবকরা । এতে জেলার ছাত্র-ছাত্রীদের উচ্চ শিক্ষার পথ সুগম হলো।

এ সময় আরো উপস্থিত ছিলেন ছাত্রলীগ নেতা বেলাল উদ্দিন মানিক,

সাজ্জাদ হোসেন মুলাম, শফিকুল ইসলাম শফি, রানা, স্বাধীন, কচিমুদ্দিন ও প্রমুখ।

মুজিবনগরে হোয়াইট স্টোন ফুলকপি’র শেয়ারিং মিটিং

মেহেরপুরের মুজিবনগরে আর মালিক সীডের উদ্যোগে হোয়াইট স্টোন ফুলকপি‘র রেজাল্ট শেয়ারিং মিটিং অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে বিশ্বনাথপুর বাজার মোড়ে এ রেজাল্ট শেয়ারিং মিটিং অনুষ্ঠিত হয়।

এ আর মালিক সীডের পরিবেশক বেলাল হাসান বিপ্লবের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা কৃষি অফিসার আনিসুজ্জামান খান।

স্বাগত বক্তব্য রাখেন মার্কেট ডেভেলমেন্ট এক্সিউটিভ মো: আবু রায়হান। অন্যদের মধ্যে বক্তব্য রাখেন টি.এস.এম.ই সিদ্দিকুর রহমান, সাপোট স্টাপ দেলোয়ার হোসেন ও চাষী আকবর হোসেন প্রমুখ। এ সময় শতাধিক চাষি মিটিং এ উপস্থিত ছিলেন।

সেচ্ছাসেবী সংগঠন ‘মেহেরপুর ভাবনার’ শীতবস্ত্র বিতরণ

পৌষের কনকনে শীতে অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে ‘মেহেরপুর ভাবনা’ নামক একটি সামাজিক সংগঠন।

রবিবার বিকেলে মেহেরপুর ভাবনার উদ্যোগে ও মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের এস এস সি ব্যাচ-২০০৯ এর সহযোগিতায় প্রায় ৮০ পিছ

কম্বল ও ১০০ পিছ বাচ্চাদের হুডি বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিল সংগঠনটির সভাপতি তানভীর আল মামুন, তিনি বলেন আমরা এই ভাবে মানুষের পাশে দাড়াতে চাই,এবং সকল ভালো কাজের পাশে থাকতে চাই। সামনে আরও অনেক ভালো কাজ আসছে ইনশাআল্লাহ্ সে গুলো সফল করতে পারবো।

এ সময় আরো উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক শাকিল আহমেদ, প্রধান সমন্বয়কারী রাতুল, আহমেদ, রাহুল, নুসরাত, জামাল, টিনা, মিম, রশ্নী, জুই, দ্বীপ, মাইমুনা, ফরিদ প্রমুখ।

মেহেরপুরে রংতুলি ডিলিজেন্ট একাডেমীর শীতবস্ত্র ও মাস্ক বিতরণ

মেহেরপুরে রংতুলি ডিলিজেন্ট একাডেমীর পক্ষ থেকে শীতবস্ত্র ও মাস্ক বিতরণ করা হয়।

রবিবার সকাল সাড়ে ১১টার দিকে রংতুলি ডিলিজেন্ট একাডেমী প্রাঙ্গনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলের পরিচালক জনাব মোঃ মিজানুর রহমান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন মেয়র মেহেরপুর পৌরসভা।
বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ নুরুল আশরাফ রাজিব ৭নম্বর ওয়ার্ড কাউন্সিলর মেহেরপুর পৌরসভা, জনাব মোঃ জাহিদ ইকবাল মিশন সাধারণ সম্পাদক হোটেল বাজার ব্যবসায়ী সমিতি মেহেরপুর।
এছাড়াও উপস্থিত ছিলেন স্কুলের প্রধান শিক্ষক মোঃ ইয়াহিয়া, জাহিরুল ইসলাম, রাশেদ খান, এবং মিজানুর রহমান সহ রংতুলি ডিলিজেন্ট একাডেমী স্কুলের শিক্ষক-শিক্ষিকাগণ।
মেহেরপুর শহরের বিভিন্ন এলাকার অসহায়-দুস্থ ১০০ টি পরিবারকে

চিহ্নিত করে তাদের মাঝে এই কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুরের বলিয়ারপুরে নির্বাচনী সভা

আসন্ন ইউপি নির্বাচনকে সামনে রেখে মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের বলিয়ারপুর ৮ নং ওয়ার্ড আওয়ামী লীগের আয়োজনে নৌকার পক্ষে নিবার্চনী প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার রাত আটটার দিকে বলিয়ারপুর গ্রামে নির্বাচনী প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন ইউপি সদস্য আনোয়ারুল ইসলাম।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ও পিরোজপুর ইউপি চেয়ারম্যান আলহাজ্ব আব্দুস সামাদ বাবলু বিশ্বাস।

বিশেষ অতিথি ছিলেন জেলা পরিষদের সদস্য রফিকুল ইসলাম, সাবেক ইউপি সদস্য বীর মুক্তিযোদ্ধা ইদ্রিস আলী, সাবেক মেম্বার আসাদুজ্জামান, আব্দুস সাত্তার প্রমুখ।

পিরোজপুর ইউনিয়ন যুবলীগের সাধারণ সম্পাদক ওয়াসিম হোসেনের সঞ্চালনায় সভায় বক্তব্য রাখেন, পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক সফর আলী, ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি গোলাম কিবরিয়া, বর্তমান সভাপতি ইস্কান্দার মাহমুদ বিপ্লব, সহকারি শিক্ষক তৌহিদুল ইসলাম, মিজানুর রহমান, শফিকুল ইসলাম মাস্টার প্রমুখ।

এসময় আরও আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

গাংনীতে অপহরণ মামলার আসামীদের ৭ দিনের রিমান্ড আবেদন

মেহেরপুরের গাংনীতে উজ্জলকে অপহরন ও চাঁদাবাজির সাথে জড়িত থাকার অপরাধে ৩জনের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে। শনিবার উজ্জলের পিতা মাফিজুর রহমান বাদী হয়ে ৩ জনের নাম উল্লেখ করে অজ্ঞাতনামা কয়েকজনের বিরুদ্ধে গাংনী থানায় মামলাটি দায়ের করেন।

গাংনী থানার ওসি তদন্ত সাজেদুল ইসলাম জানান,গ্রেফতারকৃত গাংনী বাজারের স্বর্ণ ব্যবসায়ী বিনয়,বিকাশ ব্যবসায়ী থানাপাড়ার সাফায়েত ও সদর উপজেলার ষোলমারী গ্রামের খালেদকে মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের আদালতে সোপর্দ করে ৭ দিনের রিমান্ড আবেদন করা হয়। বিজ্ঞ বিচারক রবিবার রিমান্ড শুনানীর দিন ধার্য করে আসামীদের জেলা কারাগারে পাঠানোর নির্দেশ দিয়েছে।

পুলিশ ও মামলার বাদী জানিয়েছে, স্বর্ন ব্যবসায়ী বিনয়ের সাথে ভারতে হাফিজের টাকালেনদেন রয়েছে। সে লেনদেন ফেন্সিডিল ও স্বর্ণের ব্যবসা সংক্রান্ত হতে পারে। স্বর্ণ ও ফেন্সিডিল বিক্রির বিপুল পরিমান টাকা লেনদেন করে সাফায়েতের বিকাশ নম্বরে। সেই টাকা সাফায়েতের কাছ থেকে নিয়ে যায় স্বর্ণ ব্যবসায়ী বিনয়। তবে মামলার তদন্ত কার্যক্রম চলমান রয়েছে তদন্ত শেষে বিস্তারিত পরিস্কার হওয়া যাবে। এদিকে উজ্জল হোসেন আদালতে ১৬৪ ধারায় জবানবন্দি দেওয়ার পর স্বজনের জিম্মায় মুক্তি পেয়েছে সে।

উল্লেখ্য: গত বুধবার সন্ধ্যায় তেঁতুলবাড়িয়া গ্রাম থেকে মটরসাইকেল যোগে উজ্জল হোসেনকে অপহরন করা হয়। অপহরণের ৩০ ঘন্টা পর বৃহস্পতিবার দিবাগত মধ্যে রাতে উপজেলার তেরাইল এলাকা থেকে তাকে উদ্ধার করা হয়।

অপহরণের সাথে জড়িত থাকার সন্দেহ ও চাঁদা চাওয়ার অভিযোগে জিজ্ঞাসাবাদের জন্য গাংনী বাজারের স্বর্ণ ব্যবসায়ী বিনয়, বিকাশ ব্যবসায়ী থানাপাড়ার সাফায়েত ও মেহেরপুর সদর উপজেলার ষোলমারী গ্রামের খালেদকে আটক করেছে পুলিশ।

বৃহস্পতিবার রাত ৯ টায় ০১৭০৩-২৪৫১২৬ নং মোবাইল থেকে জনৈক্য হাফিজ পরিচয় দিয়ে মাফিজুলের প্রতিবেশি নাজিম উদ্দীনের ব্যবহৃত মোবাইল ফোনে (শেষ দুটি নং ৪৯) আমার সাথে কথা বলে। হাফিজ ভারতীয়

ভুখন্ডে রয়েছে দাবি করে জানায় তার ছেলে উজ্জলকে অপহরন করেছে তারা এবং অপহৃত উজ্জল তাদের কাছে জিম্মি রয়েছে।

১ লাখ ৮০ হাজার টাকা দিলে তাকে ছেড়ে দেয়া হবে তা না হলে হত্যার হুমকি দেন। পরে মুক্তিপণ হিসেবে ১ লাখ ২০ হাজার টাকা দিতে চাইলে বিকাশ নম্বর দেন। (বিকাশের শেষ তিন ৪২০ অক্ষর) পরে বিষয়টি পুলিশকে জানায়।

মেহেরপুরের পুলিশ সুপার এস এম মুরাদ আলী জানান, ঘটনাটি মাদক ব্যবসা সংক্রান্ত ঘটনা বলে প্রাথমিক অবস্থায় ধারনা করা হচ্ছে। তবে ঘটনাটি তদন্ত শেষ না হওয়া পর্যন্ত নিশ্চিত করে কিছু বলা সম্ভব হচ্ছেনা।

গাংনীতে ১৮২ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী গ্রেফতার

মেহেরপুরের গাংনীতে ১৮২ বোতল ফেন্সিডিল সহ আসাদ আলী নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে পুলিশ।

শনিবার রাত সাড়ে ৮টায় বাওট এলাকা থেকে তাকে গ্রেফতার করে জেলা গোয়েন্দা পুলিশ।

গ্রেফতারকৃত আসাদ আলী তেঁতুলবাড়িয়া ইউনিয়নের কল্যানপুর গ্রামের জামান আলীর ছেলে।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের উপ পরিদর্শক (এস আই) অজয় কুমার কুন্ডু জানান, করমদি এলাকা থেকে একটি পাখিভ্যান যোগে ফেন্সিডিল পাচার করা হচ্ছে এমন সংবাদের ভিত্তিতে পুলিশ সুপার এস এম মুরাদ আলীর নির্দেশে অভিযান চালিয়ে আসাদ আলীকে গ্রেফতার করা হয়।

এসময় পাখিভ্যান থেকে ১শ’৮২ বোতল ফেন্সিডিল উদ্ধার ও ফেন্সিডিল পাচারের ব্যবহৃত একটি পাখি ভ্যান জব্দ করা হয়।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশের ওসি জুলফিকার আলী জানান,মাদক

ব্যবসায়ী আসাদ আলীকে জিজ্ঞাসাবাদ শেষে তার বিরুদ্ধে মাদক দ্রব্য আইনে মামলা দায়ের পূবর্ক গাংনী থানায় হস্তান্তর করা হবে।